# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-১৬. ইসলামের উপর অটল থাকা

দীন বা ইসলামের উপর অটল থাকা, এটিও ঈমানের অংশ। আক্ষরিক অর্থেই মুমিন, এমন একজন ব্যক্তি আগুনে পুড়ে শাস্তি গ্রহণে রাজি হতে পারে কিন্তু কোনো মূল্যেই ঈমান ত্যাগ করতে রাজী হতে পারে না।

সহীহ আল বুখারী ও সহীহ মুসলিমে আনাস (রাঃ) থেকে বর্ণিত হাদীসে বলা হয়েছে, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন'তিনটি জিনিস যার মধ্যে রয়েছে সে ঈমানের স্বাদ পেয়েছে।
১. যার কাছে আল্লাহ্ ও তাঁর রাসূল সবচেয়ে বেশী প্রিয়।
২. যে কেবলমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্যই তাঁর বান্দাকে ভালোবাসে ।
৩. যাকে আল্লাহ্ কুফর থেকে মুক্তি দিয়েছেন, তারপর সে কুফরের দিকে ফিরে যাওয়াকে এমন অপছন্দ করে, যেমন অপছন্দ করে আগুনে নিক্ষিপ্ত হওয়াকে।[১]

ইমাম মুসলিম আনাস (রাঃ) থেকে নিম্নোক্ত হাদীসটিও বর্ণনা করেছেন। একবার এক লোক নবী করীম (সা.)-এর কাছে কিছু সাহায্য চাইলেন। রাসূলুল্লাহ (সা.) তাকে এক উপত্যকা পরিমাণ ছাগল দিলেন। সে তার গোত্রে গিয়ে বলতে লাগলো- তোমরা ইসলাম গ্রহণ কর, আল্লাহর শপথ! তিনি এমন পরিমাণে দান করেন, দরিদ্রতার ভয় করেন না।' একথা শুনে এক ব্যক্তি নবী করীম (সা.)-এর কাছে এলেন, দুনিয়া অর্জন করা ছাড়া তার আর কোনো উদ্দেশ্য ছিলো না। কিন্তু যখন সে ইসলাম গ্রহণ করলো তখন দুনিয়ার সবকিছুর চেয়ে দীনই তার কাছে প্রিয় বলে মনে হল।

## ফুটনোট

[১]. সহীহ্ আল বুখারী, ঈমান অধ্যায়; সহীহ মুসলিম, ঈমান অধ্যায়, (হাদীস-৭১)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12314

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন